प्रेस प्रकाशनी PRESS RELEASE

**प्रेस सम्पर्क प्रभाग,** केंद्रीय कार्यालय, पोस्ट बॉक्स 406, मुंबई 400 001
फोनः 2266 0502 फैक्सः 2266 0358, 2270 3279

**PRESS RELATIONS DIVISION**, Central Office, Post Box 406, Mumbai 400001
Phone: 2266 0502 Fax: 2266 0358, 2270 3279

भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in
www.rbi.org.in\hindi
e-mail: helpprd@rbi.org.in

৭ ডিসেম্বর, ২০০৭

## ভারতীয় রিজার্ভ ব্যাংক বিদেশ থেকে সস্তায় মোটা অর্থ প্রদানের মিথ্যা প্রস্তাব সম্বন্ধে জনসাধারণকে সতর্ক করছে

ভারতীয় রিজার্ভ ব্যাংক জনসাধারণকে পরামর্শ দিচ্ছেন যে তাঁরা যেন সেইসব মিথ্যা প্রস্তাবের ফাঁদে পা না দেন যেখানে দাবী করা হচ্ছে বিদেশি সংস্থাগুলি ভারতের ব্যাংক/ভারতীয় রিজার্ভ ব্যাংককে যে অর্থ প্রদান করেছে তা বণ্টন করা হবে। জনসাধারণকে আরও পরামর্শ দেওয়া হচ্ছে তাঁরা যেন সেই সব অজানা সংস্থার প্রকল্প/প্রস্তাবে অংশগ্রহণ করার উদ্দেশ্যে কোনো অর্থ না পাঠান।

এই সমস্ত প্রস্তাবের সাধারণ বৈশিষ্ট্য পর্যালোচনা করে ভারতীয় রিজার্ভ ব্যাংক দেখেছে যে কিছু বিদেশি সংস্থা/ব্যক্তিগণ ও সেই সমস্ত সংস্থা/ব্যক্তিগণের প্রতিনিধিস্বরূপ কিছু ভারতীয় নাগরিক, এই বিষয়ে প্রস্তাবনা পাঠান চিঠি/ইমেল ইত্যাদির মাধ্যমে। এইসব প্রস্তাবে বিদেশি মুদ্রায় মোটা অর্থের টোপ থাকে ভারতীয় নাগরিক/সংস্থা (স্কুল/হাসপাতাল সহ) সমূহের জন্য যা ভারতে তাদের ব্যবসা/কারবারের সাহায্যের জন্য দেওয়া হবে বলে দাবী করা হয়। এই প্রস্তাবে রাজী হয়ে যোগাযোগ করলে সেই ভারতীয় নাগরিক/সংস্থার কাছে তাদের ব্যাংক অ্যাকাউন্টের তথ্য জানতে চেয়ে অনুরোধ আসে এবং এও অনুরোধ করা হয় যাতে সেই ভারতীয় নাগরিক/সংস্থা কিছু অর্থ প্রদান করেন প্রাথমিক জামানত/কমিশন হিসাবে, যাতে পরবর্তী কালে সেই মোটা অর্থ তাদের ব্যাংক অ্যাকাউন্টে প্রদান করা যায়। সেইভাবেই ভারতীয় রিজার্ভ ব্যাংক সাম্প্রতিক অতীতে বিভিন্ন ব্যক্তি/অনুমোদিত বিদেশী মুদ্রা বিনিময় ব্যবসায়ীদের কাছ থেকে অনুমোদন/ব্যাখার অনুরোধ পেয়েছে যে বিদেশে লটারি ইত্যাদির পুরস্কারের অর্থ পেতে কমিশন/ফী বিদেশি মুদ্রায় দেওয়া যাবে কিনা জানতে। এটিও ভারতীয় রিজার্ভ ব্যাংকের নজরে এসেছে যে কিছু বিদেশি সংস্থা ভারতীয় নাগরিক/কোম্পানী/ট্রাস্টদের পরামর্শ দিচ্ছে যে সস্তা হারে মোটা অর্থের ঋণ বণ্টনের জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংকের অ্যাকাউন্টে রাখা আছে যা ভারতীয় রিজার্ভ ব্যাংকের অনুমোদন সাপেক্ষে বণ্টন করা হবে। তাদের দাবীর স্বপক্ষে তারা তথাকথিতভাবে ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা জারী করা শংসাপত্র/আমানতের রসিদের কপিও দাখিল করে থাকে।

ভারতীয় রিজার্ভ ব্যাংক আজ ব্যাখ্যা দিচ্ছে যে, যেকোনো ধরনের লটারি প্রকল্পে অংশগ্রহণের উদ্দেশ্যে অর্থ প্রদান ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট ১৯৯৯ মোতাবেক নিষিদ্ধ। এছাড়াও, এইসব বিধি নিষেধ প্রযোজ্য হবে বিভিন্ন নামে চলা লটারির মতো প্রকল্পগুলির ক্ষেত্রেও, যেমন, অর্থ প্রচলন প্রকল্প (মানি সার্কুলেশন স্কিম) অথবা পুরস্কার মূল্য/পুরস্কার পাওয়ার জন্য অর্থপ্রদানের প্রকল্পের ক্ষেত্রে। এছাড়াও ভারতীয় রিজার্ভ ব্যাংক ব্যাখ্যা করছে যে ভারতীয় রিজার্ভ ব্যাংক ভারতীয় নাগরিক/কোম্পানী/ট্রাস্টদের নিজস্ব নামে কোনো অ্যাকাউন্ট খোলে না যেখান থেকে অর্থ বণ্টিত হতে পারে।

**জি. রঘুরাজ**
**উপ-মহাপ্রবন্ধক**

**প্রেস বিজ্ঞপ্তি : 2007-2008/770**